২৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০।
ওয়েব সাইট-www.pmgkhulna.bdpost.gov.bd

**ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কর্মপরিকল্পনা সংক্রান্ত কার্যবিবরণীঃ**

অদ্য ০৫ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১৫.০০ টায় জনাব জুবাইদা গুলশান আরা, ডেপুটি পোস্টমাস্টার জেনারেল(সঞ্চয়), দক্ষিণাঞ্চল, খুলনার সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল, খুলনা এবং মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা মহোদয়ের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কর্মপরিকল্পনা সংক্রান্ত পূর্ব নির্ধারিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ সংক্রান্ত কমিটির নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেনঃ

| ক্রঃ নং | নাম | পদবি ও কর্মস্থল | সদস্যের পদবি |
|---|---|---|---|
| ১ | জনাব জুবাইদা গুলশান আরা | ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (সঞ্চয়), পিএমজি অফিস,খুলনা | সভাপতি |
| ২ | জনাব মোঃ সুলতান হোসেন | সহকারী পোস্টমাস্টার জেনারেল(স্টাফ),পিএমজি অফিস,খুলনা | সদস্য সচিব |
| ৩ | জনাব ফিরোজ আহমেদ | সহকারী পোস্টমাস্টার জেনারেল (নিরাপত্তা), দক্ষিণাঞ্চল, খুলনা | সদস্য |
| ৪ | জনাব মোঃ সাইদুল আলম | সহকারী পোস্টমাস্টার জেনারেল (মেঃ), পিএমজি অফিস, খুলনা | সদস্য |
| ৫ | জনাব প্রদীপ কুমার দাশ | হিসাবরক্ষণ কর্মকর্তা(বাজেট), পিএমজি অফিস, খুলনা | সদস্য |
| ৬ | জনাব মোহাম্মদ মাছুদুর রহমান | সুপারভাইজার (স্টাফ), পিএমজি অফিস, খুলনা | সদস্য |

সভার শুরুতে কমিটির সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কর্মপরিকল্পনা সংক্রান্ত বিষয়ে শুভেচ্ছা বক্তব্য প্রদান করে সংশ্লিস্ট সকলকে এবিষয়ে কর্মপরিকল্পনা/ মতামত প্রদানের আহবান করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**১) কর্মস্পাদনসূচক- ১.১.১:**

(ক) ইএমটিএস সেবা আধুনিকায়ন করে এজেন্টের মাধ্যমে জনসাধারণের দোড়গোড়ায় পৌছানোর প্রক্রিয়া চালুর ব্যবস্থা করা।

(খ) ডিএমএস সেবা আধুনিকায়ন করে ইস্যু/ বিলি গ্রাহক পর্যায়ে মোবাইল এসএমএস এ ট্রাকিং লিংক সংযোজন করা এতে ইস্যুর সময় প্রাপক/ প্রেরকের মোবাইল নম্বর ব্যবহার করা হলে গ্রাহক সহজেই তার প্রেরিত দ্রব্যের অবস্থান জানতে পারবে।

(গ) বাংলাদেশ ডাক বিভাগের সেবা/ অভিযোগ সংক্রান্ত বিষয়ে টেলিফোন/ মোবাইল এর মাধ্যমে হটলাইন চালুর ব্যবস্থা করা (৩৩৩/ ৯৯৯ ইত্যাদি এর মত)।

ঘ) ডাক গাড়িসমূহে (মেইল লাইনে চালু) Tracker স্থাপন করা।

এছাড়া সংশ্লিস্ট সকলের মতামত গ্রহণ করে সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজিকরণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা।

**২) কর্মস্পাদনসূচক- ২.১.১:** POS মেশিনে ইস্যু ও বিলি, IPS, CDS, Q- মেশিনের মাধ্যমে সেবা বৃদ্ধির যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিস্ট শাখায় পত্র প্রেরণ করতে হবে।

**৩) কর্মস্পাদনসূচক- ৩.১.১:** এ সার্কেলের আওতাধীন ইউনিট অফিসসমূহের অংশগ্রহনে নতুন একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্দ্যোগ নির্বাচনের লক্ষ্যে আগামী জানুয়ারি/ ২০২৪ খ্রিঃ মাসের ৪র্থ সপ্তাহে সার্কেল অফিস প্রান্ত থেকে একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজনের উদ্দেশ্যে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিস্ট সকল ইউনিট অফিসসমূহে পত্র প্রেরণ করতে হবে।

৪) **কর্মস্পাদনসূচক- ৪.১.১:** ডি-নথির কার্যক্রম বৃদ্ধি করার জন্য পিএমজি অফিস, খুলনার সকল শাখা কর্মকর্তা এবং সংশ্লিস্ট সকল ইউনিট অফিসসমূহে পত্র প্রেরণ করতে হবে।

৫) **কর্মস্পাদনসূচক- ৫.১.১:** পিএমজি অফিস, খুলনার তথ্য বাতায়ন/ ওয়েব সাইট হালনাগাদকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতি, আইসিটি সেল, পিএমজি অফিস, খুলনাকে পত্র প্রেরণ করতে হবে।

৬) **কর্মস্পাদনসূচক- ৫.১.২:** এ সার্কেলের আওতাধীন ইউনিট অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৪ (চার) তারিখের মধ্যে কমিটির সদস্য সচিব এর নিকট প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণ করার জন্য সংশ্লিস্ট সকল ইউনিট অফিসসমূহে পত্র প্রেরণ করতে হবে।

৭) **কর্মস্পাদনসূচক- ৬.১.১:** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/ সভা/ সেমিনার আগামী ডিসেম্বর/ ২০২৩ খ্রিঃ মাসের সুবিধাজনক সময়ে সার্কেল অফিস, খুলনা কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে এবং জানুয়ারী/ ২০২৪ খ্রিঃ মাসের ৪র্থ সপ্তাহে সার্কেল অফিস, খুলনা ও ইউনিট অফিসসমূহের কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে আয়োজন করা হবে।

৮) **কর্মস্পাদনসূচক- ৬.১.২:** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম পরিকল্পনা প্রনয়নের জন্য আগামী ডিসেম্বর/ ২০২৩ খ্রিঃ ও জানুয়ারী/ ২০২৪ খ্রিঃ মাসের ৪র্থ সপ্তাহে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/ সভা/ সেমিনার এর থেকে সিদ্ধান্ত গ্রহন করা হবে।

আর কোন আলোচনা না থাকায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিস্ট সকলের সর্বাত্মাক সহযোগিতা কামনা এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (মোহাম্মদ মাছুদুর রহমান)<br>সুপারভাইজার (স্টাফ)<br>পিএমজি অফিস, খুলনা<br>ও সদস্য | (প্রদীপ কুমার দাশ)<br>হিসাবরক্ষণ কর্মকর্তা(বাজেট)<br>পিএমজি অফিস, খুলনা<br>ও সদস্য | (মোঃ সাইদুল আলম)<br>এপিএমজি (মেঃ)<br>পিএমজি অফিস, খুলনা<br>ও সদস্য | (ফিরোজ আহমেদ)<br>এপিএমজি(নিরাপত্তা)<br>দক্ষিণাঞ্চল, খুলনা<br>ও সদস্য | (মোঃ সুলতান হোসেন)<br>এপিএমজি (স্টাফ)<br>পিএমজি অফিস,খুলনা<br>ও সদস্য সচিব | (জুবাইদা গুলশান আরা)<br>ডিপিএমজি (সঞ্চয়)<br>পিএমজি অফিস, খুলনা<br>ও সভাপতি |